

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক, গাজীপুর  
এবং  
রিটার্নিং অফিসারের কার্যালয়

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার  
অঙ্গীর জরুরি

নথি নং ১৭.০২.৩৩০০.০০০.৩৬.০০৮.২৩-০১

তারিখ: ১৯/১১/২০২৩খ্রি.

## গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ১৫ নভেম্বর ২০২৩খ্রি তারিখে সময়সূচি ঘোষণা করা হয়েছে। সম্ভাব্য প্রার্থীগণের পোস্টার, ব্যানার, দেয়াল লিখন, বিলবোর্ড, গেইট, তোরণ বা ঘের, প্যান্ডেল ও আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী ও নির্বাচনি ক্যাম্প থাকলে সেগুলো অপসারণ করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিঙ্কান্ত প্রদান করেছেন।

এমতাবস্থায়, আগামী ২২ নভেম্বর ২০২৩খ্রি তারিখের মধ্যে গাজীপুর জেলার ০৫(পাঁচ)টি নির্বাচনি এলাকায় সম্ভাব্য প্রার্থী কর্তৃক নির্বাচনি প্রচারণামূলক বা শুভেচ্ছা জানিয়ে লাগানো পোস্টার, ব্যানার, দেয়াল লিখন, বিলবোর্ড, গেইট, তোরণ বা ঘের, প্যান্ডেল, আলোকসজ্জা ও নির্বাচনি ক্যাম্প যদি থাকে তা সংশ্লিষ্ট সম্ভাব্য প্রার্থীকে স্ব-উদ্যোগে ও নিজ খরচে অপসারণ এবং দেয়ালে লিখন মুছে ফেলার জন্য অনুরোধ করা হলো।

জ্যৈষ্ঠ ১২০২৩

আবুল ফাতে মোহাম্মদ সফিকুল ইসলাম  
জেলা প্রশাসক, গাজীপুর  
এবং  
রিটার্নিং অফিসার

নথি নং ১৭.০২.৩৩০০.০০০.৩৬.০০৮.২৩-০১

তারিখ: ১৯/১১/২০২৩খ্রি.

বিতরণঃ সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা প্রহণের জন্য(জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৪. পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রো পলিটন পুলিশ, গাজীপুর
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা
৭. অধিনায়ক, ৬৩ বিজিবি ব্যাটালিয়ন, গাজীপুর
৮. অধিনায়ক, র্যাব-১, উত্তরা, ঢাকা
৯. পুলিশ সুপার, গাজীপুর
১০. জেলা নির্বাচন অফিসার, গাজীপুর
১১. উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল), গাজীপুর
১২. মেয়ার ----- (সকল) পৌরসভা, গাজীপুর
১৩. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট, গাজীপুর
১৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, গাজীপুর
১৫. জেলা তথ্য অফিসার, গাজীপুর
১৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ----- (সকল), গাজীপুর
১৭. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ইন্ডাব, গাজীপুর
১৮. অফিস কপি।

জেলা প্রশাসক, গাজীপুর  
এবং  
রিটার্নিং অফিসার